তারিখ MAY [illegible]
পৃষ্ঠা [illegible]

46

মেডিক্যাল রিপোর্টারদের মৌন মিছিল

# ঢাকা মেডিক্যাল থেকে ভাড়াটে মস্তান গ্রেফতার

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল সোমবার দুপুরে পুলিশ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের জরুরি বিভাগ থেকে খোকন লাল নামে এক ভাড়াটে মস্তানকে গ্রেফতার করেছে।

হাসপাতালের জরুরি বিভাগের তথ্য কেন্দ্রে সাংবাদিকদের প্রবেশ নিষিদ্ধ করে ভাড়াটে মস্তান দিয়ে পাহারা বসানো হয়েছে। সাংবাদিকরা গতকাল বিকেলে হাসপাতালে ডাক্তার ও মস্তান কর্তৃক সাংবাদিক নির্যাতন ও জরুরি বিভাগে প্রবেশ নিষিদ্ধ করার প্রতিবাদে মৌন মিছিল বের করেন।

গত শনিবার থেকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষ জরুরি বিভাগের তথ্য কেন্দ্রে সাংবাদিকদের প্রবেশ নিষিদ্ধ করেন। সাংবাদিকরা তথ্য সংগ্রহ করতে গেলে তথ্যকেন্দ্রে কর্তব্যরত কর্মচারী জানান ঃ কোন ধরনের তথ্য দেয়া যাবে না, উপর থেকে তথ্য দিতে নিষেধ করা হয়েছে। তথ্য কেন্দ্রের গেটে তালা লাগিয়ে ভেতরে সাংবাদিকদের প্রবেশ বন্ধ করে দেয়া হয়। পুলিশ খাতা ও আহত-নিহতের তালিকার খাতাও সাংবাদিকদের দেখতে দিচ্ছে না।

গতকাল সকালে বহিরাগত মস্তানরা জরুরি বিভাগে অবস্থান নেয়। দুপুরে পুলিশ গিয়ে খোকন লাল নামে এক বহিরাগত মস্তানকে গ্রেফতার করে। সে গত শুক্রবার বিকেলে হাসপাতালে মুক্তকণ্ঠের মেডিক্যাল রিপোর্টার নেসার আহমেদকে মারধর করে।

গত মাসে সংবাদ-এর মেডিক্যাল রিপোর্টার বাকী বিল্লাহকে ডাঃ ওয়াহেদ, ডাঃ গিয়াস ও ডাঃ রতন মারধর ও জীবননাশের হুমকি দেয়। গতকাল বিকেলে সাংবাদিকরা ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে সাংবাদিক নির্যাতন ও খবর সংগ্রহে বাধা দেয়ার প্রতিবাদে মৌন মিছিল বের করেন। মিছিলে মেডিক্যাল রিপোর্টারসহ অন্য সাংবাদিকরা যোগ দেন।